



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০১৯

প্রেসবিজ্ঞপ্তি

আজ ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ সকাল সাড়ে নয়টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সাথে তাঁর অফিসে ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাই কমিশনের ডেপুটি হাই কমিশনার ক্যানবার হোসেইন বর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ব্রিটিশ হাই কমিশনের ভাইস কনসাল রাহিন এম চৌধুরী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা শিক্ষা ও গবেষণাসহ পারস্পারিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। এসময় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ শাবিপ্রবি ক্যাম্পাসে আসার জন্য ডেপুটি হাই কমিশনার ক্যানবার হোসেইনকে ধন্যবাদ জানান। তিনি বলেন, ব্রিটিশ সংস্কৃতির সাথে সিলেটের সংস্কৃতির মিল রয়েছে। সিলেট অঞ্চলের প্রচুর লোক যুক্তরাজ্যে বসবাস করে এবং তাদের মধ্যে অনেকেই রাষ্ট্র পরিচালনার সাথে সংযুক্ত। শাবিপ্রবির অনেক শিক্ষক যুক্তরাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে গবেষণারত। ভাইস চ্যান্সেলর প্রত্যাশা ব্যক্ত করে বলেন, ভবিষ্যতে শাবিপ্রবি ও যুক্তরাজ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও গবেষণা বিষয়ে সমঝোতামূলক চুক্তি হবে।

সৌজন্য সাক্ষাৎকালে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলামসহ বিভিন্ন অনুষদের ডিন, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক, প্রক্টর প্রমুখ উপস্থিত ছিলেন।

রেজিস্ট্রার